গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং:- ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০২.২০২১-২৫৩

তারিখঃ ২৭ আশ্বিন ১৪২৯ / ১২ অক্টোবর ২০২২

**বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সমন্বিত বর্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত তথ্য অধিকার সংক্রান্ত বর্ষিক কর্মপরিকল্পনার প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন দাখিল।**

সূত্র: তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা ১.৭ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সমন্বিত বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনার প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত- ০৫পাতা

12/10/2022


মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dss.mopme@gmail.com


মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রীপরিষদ বিভাগ
[দৃ: আ: উপসচিব, তথ্য অধিকার অধিশাখা]

অনুলিপি (সদয় অবগতি জন্য):

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।

D:\Ariful Islam\তথ্য অধিকার বিষয়ক.doc

# **প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন প্রদান করা যাচ্ছে যে, গত জুলাই-২০২২ হতে সেপ্টেম্বর-২০২২ পর্যন্ত তথ্য অধিকার আইন-২০০৯ এর আওতায় সর্বমোট ০৪ টি আবেদন পাওয়া যায়।
এর মধ্যে ০৪ টি আবেদনের চাহিত তথ্য যথাসময়ে সরবরাহ করা হয়েছে।

সংযুক্ত- প্রমাণক ০৪ পৃষ্ঠা।

১২.১০.২০২২


মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dss.mopme@gmail.com


D:\Ariful Islam\তথ্য অধিকার বিষয়ক.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং:- ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০৩.২০২২-**১৬৩**

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৯ / ২৬ জুলাই ২০২২

**বিষয়: তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র: (১) তথ্য অধিকার আইনের আওতায় আপনার ১৮/৭/২০২২ তারিখে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১৬/০১/২০২২ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে তথ্য প্রকাশের সুরক্ষা প্রদান আইন ২০১১ ও তথ্য প্রকাশ সুরক্ষা বিধিমালা ২০১৭ অনুযায়ী প্রতিকার চেয়ে আবেদন করেছেন। আবেদন অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ এবং পুলিশ মহাপরিদর্শককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উল্লেখ করা হয়। আপনার এই আবেদনের প্রেক্ষিতে গত ০২/৩/২০২২ তারিখে অত্র মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে বর্ণিত আইন ও বিধিমালা অনুযায়ী আপনাকে সুরক্ষা প্রদানের সুযোগ নেই মর্মে অবহিত করা হয় (প্রমাণক-১ সংযুক্ত)।

০২। উক্ত বিষয়ে বিগত ০৬/০২/২০২২ তারিখে কি ব্যবস্থা নেওয়া হয়েছে তাহার প্রমানক হিসেবে সত্যায়িত ফটোকপিসহ প্রদানের জন্য অত্র মন্ত্রণালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা (বিদ্যালয়-১) এর নিকট তথ্য অধিকার আইনে তথ্য চেয়ে আবেদন করেছেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২৮/৩/২০২২ (প্রমাণক-২ সংযুক্ত) তারিখে উল্লেখিত বিষয়ে আপনাকে অবহিত করা হয়।

০৩। উল্লেখ্য যে, দুর্নীতি দমন কমিশনে আপনার আবেদনের প্রেক্ষিতে গত ২৯/৮/২০১৯ (প্রমাণক-৩ সংযুক্ত) তারিখ উপজেলা নির্বাহী অফিসার, বরগুনাকে সুরক্ষা প্রদানের বিষয়ে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য পত্র প্রেরণ করা হয়। এহেন পরিস্থিতিতে ১৮/৭/২০২২ তারিখে একই বিষয়ে কেন পুনরায় আবেদন করেছেন তাহা বোধগম্য নয়।

০৪। আরো উল্লেখ করা প্রয়োজন যে, তথ্য প্রকাশের সুরক্ষা প্রদান আইন ২০১১ ও তথ্য প্রকাশ সুরক্ষা বিধিমালা ২০১৭ অনুযায়ী সুরক্ষা প্রদানের বিষয়টি তথ্য প্রদানকারী কর্মকর্তার কর্ম পরিধির অন্তর্ভূক্ত নয়।

০৫। বিষয়টি আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ পাতা।

27/07/2022

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dss.mopme@gmail.com

আবুল হাসান বেল্লাল
পিতা: মো: আব্দুল খবির মুসুল্লী
বিশেষ প্রতিবেদক, দৈনিক গণতদন্ত।
সাং সাহেবের হাওলা, ডাকঘর: আয়লাচান্দখালী
উপজেলা: বরগুনা সদর, জেলা: বরগুনা।
ই-মেইল: ahb488@gmail.com

অনুলিপি (সদয় অবগতি জন্য):

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।

E:\Rabiul\Information Act\Letter.docx

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং:- ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০৩.২০২২- ১৭৭

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪২৯
১০ আগস্ট ২০২২

**বিষয়: তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র: (১) তথ্য অধিকার আইনের আওতায় আপনার ২০/০৭/২০২২ ও ২০/০৭/২০২২ তারিখের আবেদন এবং ১৮/০৭/২০২২ ও ২৬/০৭/২০২২ খ্রি: তারিখের আপীল আবেদন।

০১) ২০/০৭/২০২২ খ্রি: তারিখের আবেদনের প্রেক্ষিতে তথ্য:-
বিগত ১০/০২/২০২২ খ্রি: তারিখে জনপ্রশাসন মন্ত্রনালয় থেকে যে পত্র প্রেরণ করা হয়েছিল তার প্রেক্ষিতে আপনাকে ০২/০৩/২০২২ (প্রমাণক-১ সংযুক্ত) তারিখে অত্র মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে এবং তথ্য অধিকার আইনের অওতায় ২৮/০৩/২০২২(প্রমাণক-২ সংযুক্ত) ও ২৬/০৭/২০২২ (প্রমাণক-৩ সংযুক্ত) খ্রি: তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে।

০২) ২০/০৭/২০২২ খ্রি: তারিখের আবেদনের প্রেক্ষিতে তথ্য:-
সুরক্ষা প্রদান বিষযে গৃহীত ব্যবস্থা সম্পর্কে ইতমধ্যে আপনাকে ০২/০৩/২০২২ তারিখে অত্র মন্ত্রণলয়ের প্রশাসন-১ শাখা হতে অবহিত করা হয়েছে।

০৩) ১৮/০৭/২০২২ খ্রি: তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে তথ্য:-
আপনার প্রকাশিত সংবাদের কারনে ব্যক্তিগত সুরক্ষা নিয়ে যে আবেদন করেছিলেন তাহার বিষয়ে তথ্য প্রদানকারী কর্মকর্তা বিগত ২৬/০৭/২০২২ তারিখে আপনাকে যে তথ্য প্রদান করেছেন তাহা পুনারয় প্রদান করা এবং তথ্য প্রকাশ (সুরক্ষা) বিষয়ে দয়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে রয়েছে মর্মে জানিয়ে দেওয়ার জন্য আপীলকারী কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করেছেন। আপীলকারী কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বিগত ২৬/০৭/২০২২ তারিখের তথ্য পুনরায় প্রদান করা হলো।

০৪) ২৬/০৭/২০২২ খ্রি: তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে তথ্য:-
বিগত ০২/০৩/২০২২ তারিখে অত্র মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে যে পত্র পদান করা হয়েছিল তার কপি পুনরায় প্রদান করার জন্য আপীলকারী কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করেছেন।
সংযুক্তি: ০৩ পাতা।

১০/০৮/২০২২

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dss.mopme@gmail.com

আবুল হাসান বেল্লাল
পিতা: মো: আব্দুল খবির মুসল্লী,
বিশেষ প্রতিবেদক, দৈনিক গণতদন্ত।
সাং সাহেবের হাওলা, ডাকঘর: আয়লাচন্দখালী
উপজেলা: বরগুনা সদর, জেলা: বরগুনা।

অনুলিপি (সদয় অবগতি জন্য):
১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।
D:\Ariful Islam\তথ্য অধিকার বিষয়ক.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং:- ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০৩.২০২২-২১০

তারিখঃ ২২ ভাদ্র ১৪২৯ / ০৬ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র: তথ্য অধিকার আইনের আওতায় আপনার ০৭/০৮/২০২২ তারিখের দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবেদনকারী জনাব মো: নজরুল ইসলাম, পিতা মৃত: ছাদেম আলী হাওলাদর, জেলা পটুয়াখালী নিম্নোক্ত তথ্য পাওয়ার আবেদন করেছেন:

(ক) বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষমতা যে তারিখ পর্যন্ত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির (এসএমসি) হাতে ন্যাস্ত ছিল সেই তারিখ উল্লেখ পূর্বক এ সংক্রান্ত নীতিমালা/পরিপত্র/প্রজ্ঞাপন বা নির্দেশনাপত্রের সত্যায়িত ফটোকপি আবশ্যক।

উত্তর: বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ প্রক্রিয়া ০৯/০৬/২০০৯ তারিখ পর্যন্ত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির (এসএমসি) হাতে ন্যস্ত ছিল। ১০/০৬/২০০৯ তারিখ হতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া জেলা প্রশাসক, সভাপতি, নিয়োগ কমিটির হতে অর্পণ করা হয়। (কপি সংযুক্ত)

(খ) ১০/০৬/২০০৯ তারিখে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের পরিপত্র। উক্ত পরিপত্রটি যদি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রযোজ্য হয় তবে বিদ্যালয়ের যাচাই-বাছাইকৃত কমিটির তারিখ উল্লেখ পূর্বক সিদ্ধান্তের সত্যায়িত ফটোকপি আবশ্যক।

উত্তর: ১০/০৬/২০০৯ তারিখে রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিয়োগের পরিপত্র (কপি সংযুক্ত)। উক্ত পরিপত্রটি রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হলেও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

সংযুক্তি: ০৩ পাতা।

০৬/০৯/২০২২

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dss.mopme@gmail.com

মো: নজরুল ইসলাম
স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্তখবর
১৪ পুরানো পল্টন (১০ম তলা)
দার-উস-সালাম ভবন, ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় অবগতি জন্য):

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।

D:\Ariful Islam\তথ্য অধিকার বিষয়ক.doc

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং:- ৩৮.০০.০০০০.০০৭.০৪.০০৩.২০২২-২২৬

তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৯ / ১৩ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র: তথ্য অধিকার আইনের আওতায় আপনার ১৪/০৮/২০২২ তারিখের দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আবুল হাসান বেল্লাল, বিশেষ প্রতিবেদক, দৈনিক গণতদন্ত, এর গত ১৯/১২/২০২১, ১৬/০১/২০২২, ০৬/০২/২০২২, ০৭/০৩/২০২২, ০৭/০৩/২০২২, ০৪/০৪/২০২২, ০৬/০৪/২০২২, ১৮/০৭/২০২২, ২০/০৭/২০২২ ও ২০/০৭/২০২২ তারিখে একই বিষয়ে তথ্য চেয়ে তথ্য প্রদানকারী কর্মকর্তার নিকট এবং একই বিষয়ে পুনরায় ০৭/০৩/২০২২, ০৪/০৪/২০২২, ২৬/০৪/২০২২, ১৮/০৭/২০২২ ও ২৬/০৭/২০২২ তারিখে আপীলকারী কর্তৃপক্ষের নিকট আপীল আবেদন করেছেন। আপনার আবেদনের প্রেক্ষিতে ০২/০৩/২০২২, ২৮/০৩/২০২২, ২৬/০৭/২০২২ ও ১০/০৮/২০২২ তারিখে আপনাকে তথ্য প্রদান করা হয়েছে এবং আপীল আবেদনের প্রেক্ষিতে ১০/০৮/২০২২ তারিখে আপনাকে তথ্য প্রদান করা হয়েছে। যেহেতু একই বিষয়ে আপনি একাধিক বার আবেদন এবং আপীল আবেদন করেছেন এবং তদানুযায়ী তথ্য প্রদান করা হয়েছে সেহেতু পুনরায় একই বিষয়ে আবেদন বিবেচনা করার আইনগত কোন সুযোগ নেই।

তথাপি আপনার আবেদনের প্রেক্ষিতে আপনাকে নিম্নোক্ত তথ্য প্রদান করা হলো:-

(ক) প্রশাসন-১ শাখা হতে ০২/০৩/২০২২ তারিখে সুরক্ষা প্রদান সম্ভব নয় মর্মে যে পত্র দেয়া হয়েছিল তার সিদ্ধান্তমূলক নোটে যে সকল কর্মকর্তা স্বাক্ষর করেছেন তাদের তালিকা নিম্নরূপ:

| ক্রমিক | কর্মকর্তাদের নাম | পদবী |
|---|---|---|
| ০১ | মোঃ মনিরুজ্জামান | প্রশাসনিক কর্মকর্তা |
| ০২ | মোহাম্মদ কবির উদ্দীন | উপসচিব (প্রশাসন-১) |
| ০৩ | শাহনাজ সামাদ | যুগ্মসচিব (প্রশাসন) |
| ০৪ | জনাব মোঃ আবু বকর সিদ্দিক | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ০৫ | জনাব মোঃ আমিনুল ইসলাম খান | সিনিয়র সচিব |

২। সুরক্ষা প্রদান বা সুরক্ষার বিষয়ে কোন প্রকার সিদ্ধান্ত গ্রহণ কিংবা এ বিষয়ে আপনাকে ব্যখ্যা প্রদান তথ্য অধিকার কর্মকর্তার কর্ম পরিধির অন্তর্ভূক্ত নয়। তথ্য অধিকার কর্মকর্তা শুধুমাত্র চাহিত তথ্য প্রদান করে থাকেন।

৩। ইহা আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১৩/০৯/২০২২

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩

আবুল হাসান বেল্লাল
পিতা: মো: আব্দুল খবির মুসল্লী,
বিশেষ প্রতিবেদক, দৈনিক গণতদন্ত।
ডাকঘর: আয়লাচন্দখালী, উপজেলা: বরগুনা সদর, জেলা: বরগুনা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।

# তথ্য অধিকার বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | ১ম ত্রৈমাসিক অর্জন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| প্রাতিষ্ঠানিক | ০৬ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০৬ | | | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% |
| সক্ষমতা বৃদ্ধি | ১৯ | [১.২] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০৪ | | | ৩১-১২-২০২২ ও ৩০-০৬-২০২৩ | - - | - - | - | - | - - |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০৩ | | | ১৫-১০-২০২২ | ৩১-১০-২০২২ | ৩০-১১-২০২২ | - | - | ১৩-১০-২০২২ |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকৃত/হালনাগাদকৃত | তারিখ | ০৩ | | | ৩১-১২-২০২২ | ১৫-০১-২০২৩ | ৩১-০১-২০২৩ | - | - | - |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিমালা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০৪ | | | ৩ | ২ | ১ | - | - | - |
| | | [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ০৩ | | | ৩ | ২ | ১ | - | - | - |
| | | [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | [১.৭.১] ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত | সংখ্যা | ০২ | | | ৪ | ৩ | ২ | ১ | - | ১ |

13.10.2022

মোহাম্মদ কামাল হোসেন
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার